

২০২৫

বাংলা — সাম্মানিক

চতুর্থ সেমেস্টার

পত্র : DSCC-8

(ছন্দ, অলঙ্কার ও প্রবন্ধ)

পূর্ণমান - ৭৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। (ক) সরল কলাবৃত্ত বা মাত্রাবৃত্ত বা ধ্বনিপ্রধান ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো। ১৫

অথবা

(খ) সংজ্ঞা ও দৃষ্টান্তসহ পরিচয় দাও (যে-কোনো তিনটি) — ৫×৩

(অ) শ্বাসাঘাত

(আ) অক্ষর

(ই) মাত্রা

(ঈ) যতি

(উ) পর্ব।

২। (ক) বক্রোক্তি অলঙ্কার কাকে বলে? এর কয়টি বিভাগ ও কী কী? উদাহরণসহ প্রত্যেকটি বিভাগ সম্পর্কে আলোচনা করো।

৩+২+(৫×২)

অথবা

(খ) রূপক অলঙ্কারের সংজ্ঞা দাও। এর বিভিন্ন বিভাগগুলির নাম উল্লেখ করে যে-কোনো দুটি বিভাগ সম্পর্কে দৃষ্টান্তসহ আলোচনা করো।

৩+২+(৫×২)

৩। (ক) 'বইপড়া' প্রবন্ধে প্রাবন্ধিক প্রমথ চৌধুরী বই পড়ার প্রয়োজনীয়তা ও আবশ্যিকতা বিষয়ে যে সুচিন্তিত মতামত তুলে ধরেছেন তা সংক্ষেপে আলোচনা করো। ১৫

অথবা

(খ) আধুনিক যুগের মনীষীরা কীভাবে ক্রমাগত পশ্চিমের সঙ্গে পূর্বকে মিলিয়ে নেওয়ার মহৎ প্রয়াস করে গেছেন তা 'পূর্ব ও পশ্চিম' প্রবন্ধটি অনুসরণে বুঝিয়ে দাও। ১৫

Please Turn Over

(2864)

- ৪। (ক) ছন্দোলিপি প্রণয়ন করো (মাত্রা, পর্ব, পদ, লয় ও রীতি উল্লেখ করা আবশ্যিক)—
গঙ্গাপ্রাপ্তি আশা করে গঙ্গাযাত্রা করেছিলেন,
তোমাদের না বলে কয়ে আস্তে আস্তে সরেছিলেন। ৫
- অথবা
- (খ) এটা কিছু অপূর্ব নয় ঘটনা সামান্য খুবই—
শঙ্কা যেথা করে না কেউ সেইখানে হয় জাহাজডুবি। ৫
- ৫। (ক) টীকা লেখো (যে-কোনো একটি)— ৫
শ্রুতনুপ্রাস, প্রতীয়মানোৎপ্রেক্ষা।
- অথবা
- (খ) ব্যাখ্যাসহ অলঙ্কার নির্ণয় করো— ৫
নিদ্রাবিহীন শশী
আকাশ পারাপারে খেয়া একলা চলায় বসি।
- ৬। (ক) 'মেঘদূত' প্রবন্ধ অবলম্বনে মনুষ্যত্বের নিবিড় ঐক্যের বিষয়টি বুঝিয়ে দাও। ৫
- অথবা
- (খ) 'মনুষ্য মাত্রেই পতঙ্গ'— কোন রচনার অংশ? একথা বলার কারণ পর্যালোচনা করো। ৫
- ৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫
- (ক) মুক্তক ছন্দের 'মুক্তক' নামকরণটি কে করেছিলেন?
(খ) পয়ার ছন্দ ব্যবহৃত হয়েছে এমন একটি বাংলা মহাকাব্যের নাম লেখো।
(গ) দল কয় প্রকার ও কী কী?
(ঘ) মিশ্রবৃত্ত বা অক্ষরবৃত্ত ছন্দের মূল পর্ব সাধারণত কয় মাত্রায় গঠিত হয়?
(ঙ) কোন ছন্দের লয় ধীর?
(চ) ব্যাজন্তুতি অলঙ্কারের 'ব্যাজ' কথাটির অর্থ কী?
(ছ) সমাসোক্তি অলঙ্কারের একটি দৃষ্টান্ত দাও।
(জ) কোন অলঙ্কারে উপমেয়কে অস্বীকার করে উপমানকে প্রতিষ্ঠিত করা হয়?
(ঝ) একটি ছেকানুপ্রাস অলঙ্কারের উদাহরণ দাও।
(ঞ) "ভজন কর কৃষ্ণজীরে, ভোজন কর কৃষ্ণজীরে"— এখানে কোন অলঙ্কার হয়েছে?
(ট) "মেঘদূত হইতে আমরা একটি তথ্য লাভ করিয়া বিস্ময়ে পুলকিত হইয়াছি"— প্রাবন্ধিক এখানে কোন তথ্যের কথা বলেছেন?
(ঠ) 'পূর্ব ও পশ্চিম' প্রবন্ধটি রবীন্দ্রনাথের কোন গ্রন্থ থেকে গৃহীত?
(ড) 'বইপড়া' প্রবন্ধে কাকে উত্তর সাধক বলা হয়েছে?
(ঢ) 'পতঙ্গ' প্রবন্ধ অবলম্বনে দুই প্রকার বহির উদাহরণ দাও।
(ণ) "আমরাই কেবল সকল সময়ে আত্মবিসর্জনে ইচ্ছুক"— আমরা কারা?